রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ১৭, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা জ্যৈষ্ঠ ১৪০১/১৫ই মে ১৯৯৪

এস, আর, ও নং ১৮৯-আইন/৯৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশ প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শ এবং এতদসংক্রান্ত সকল প্রচলিত বিধিমালা বাতিলক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা পরিবেশ অধিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "ডিগ্রী" বা "ডিপ্লোমা" বা "সার্টিফিকেট" অর্থ, ক্ষেত্রমত, স্বীকৃত বিশ্ববিদ্যালয়, বোর্ড, প্রতিষ্ঠান বা ইনষ্টিটিউট কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেট এবং, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়, বোর্ড বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ডিগ্রী, ডিপ্লোমা বা সার্টিফিকেট;

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা, কোন পদে নিয়োগের ব্যাপারে, সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;



মূল্য : টাকা ৪.০০

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলে সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা;

(ছ) "শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি; এবং

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা প্রতিষ্ঠান এবং, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ড বা অন্য কোন প্রতিষ্ঠান।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর বিধান মোতাবেক পদ সংরক্ষণ সংক্রান্ত সরকারী নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লিখিত বয়ঃসীমার মধ্যে না হয়:

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের আওতাভুক্ত কোন পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে এবং অন্যান্য পদে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৩) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক

মনোনিত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন, এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে কোন পদে নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিস।—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, উক্ত তারিখ হইতে এক বৎসরের জন্য, শিক্ষানবিস হিসাবে নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসি মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিশের শিক্ষানবিসি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, বা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসি মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি(৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না, যদি তিনি উক্ত পদে স্থায়ী হওয়ার জন্য কোন পরীক্ষা বা প্রশিক্ষণ নির্ধারিত হইলে উক্ত পরীক্ষায় পাশ না করেন বা সফলতার সহিত প্রশিক্ষণ সমাপ্ত না করেন।

**তফসিল**

[বিধি ২ (খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা। | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | মহা পরিচালক | .. | পদোন্নতির মাধ্যমে; এবং পদোন্নতিযোগ্য কর্মকর্তা না পাওয়া গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) বা পরিচালক (কারিগরী) পদে ৬ বৎসরের চাকরীসহ নূনতম মোট ২০ (কুড়ি) বৎসরের প্রথম শ্রেণীর অথবা সমমানের চাকুরীর অভিজ্ঞতা। |
| ২ | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) | .. | ঐ | উপ-পরিচালক (প্রচার, বা প্রশাসন ও অর্থ বা প্রোগ্রাম সমন্বয়কারী) পদে ৭ বৎসরের চাকুরীসহ নূনতম মোট ১৪ (চৌদ্দ) বৎসরের প্রথম শ্রেণীর অথবা সমমানের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৩ | পরিচালক কারিগরী | .. | পদোন্নতির মাধ্যমে, এবং | পদোন্নতি: উপ-পরিচালক (কারিগরী, বা গবেষণা বা উন্নয়ন ও পরিকল্পনা) পদে ৭ বৎসরের চাকুরীসহ নূনতম ১৪ (চৌদ্দ) বৎসরের প্রথম শ্রেণীর অথবা সমমানের চাকুরীর অভিজ্ঞতা। |
| | | অনুর্ধ ৪৫ বৎসর | পদোন্নতিযোগ্য কর্মকর্তা না পাওয়া গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে বা প্রেষণে বদলীর মাধ্যমে। | সরাসরি নিয়োগ: (ক) প্রকৌশলী, কৃষি, বন কিংবা মৎস্য বিজ্ঞানে স্নাতক ডিগ্রী; অথবা সমুদ্র বিজ্ঞান, মৃত্তিকা বিজ্ঞান, পদার্থবিদ্যা, রসায়ন, প্রাণ রসায়ন, পরিবেশ রসায়ন, |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | পরিবেশ ব্যবস্থাপনা, প্রাণীবিদ্যা, উদ্ভিদ বিদ্যা, ফলিত রসায়ন, মেরিন বা মাইক্রো বায়োলজি, ভূগোল কিংবা ভূতত্ত্ববিদ্যা বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং<br>(খ) পরিবেশ ব্যবস্থাপনা বিষয়ে মাঠ পর্যায়ে ৮ বৎসরের অভিজ্ঞতাসহ মোট ১২ বৎসরের চাকুরী। |
| ৪ | উপ-পরিচালক (কারিগরী) | অনূর্ধ ৩৫ বৎসর। | পদোন্নতির মাধ্যমে, এবং<br>পদোন্নতিযোগ্য কর্মকর্তা না পাওয়া গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে, বা প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতি: সহকারী পরিচালক (কারিগরী) বা সিনিয়র কেমিষ্ট বা রিসার্চ অফিসার পদে ৭ বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগ: (ক) প্রকৌশলী, কৃষি, বন কিংবা মৎস্য বিষয়ে স্নাতক ডিগ্রী;<br>অথবা<br>সমুদ্রবিজ্ঞান, মৃত্তিকাবিজ্ঞান, পদার্থ বিদ্যা, রসায়ন, প্রাণ রসায়ন, পরিবেশ রসায়ন, পরিবেশ ব্যবস্থাপনা, প্রাণিবিদ্যা, উদ্ভিদ বিদ্যা, ফলিত রসায়ন, মেরিন বা মাইক্রো-বায়োলজি, ভূগোল কিংবা ভূতত্ত্ববিদ্যা বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী, এবং<br>(খ) পরিবেশ বিষয়ে ৫ বৎসরের মাঠ পর্যায়ের অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | উপ-পরিচালক (উন্নয়ন ও পরিকল্পনা/গবেষণা) | অনুর্ধ ৩৫ বৎসর। | পদোন্নতির মাধ্যমে। এবং<br><br>পদোন্নতিযোগ্য কর্মকর্তা না পাওয়া গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে বা প্রেষণে বদলীর মাধ্যমে। | পদোন্নতিঃ রিসার্চ অফিসার পদে ৭ বৎসরের চাকুরী।<br><br>সরাসরি নিয়োগঃ (ক) অর্থনীতি সমাজ বিজ্ঞান, পরিসংখ্যান, ভূগোল বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী কিংবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী,<br>অথবা<br>এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং বা নগর ও গ্রামীণ পরিকল্পনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী এবং<br><br>(খ) পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ইত্যাদি ক্ষেত্রে ৫ বৎসর মাঠ পর্যায়ে অভিজ্ঞতা। |
| ৬ | উপ-পরিচালক (প্রচার) | | পদোন্নতির মাধ্যমে, এবং<br><br>পদোন্নতিযোগ্য কর্মকর্তা না পাওয়া গেলে, প্রেষণে বদলীর মাধ্যমে। | সহকারী পরিচালক (প্রচার) বা লাইব্রেরিয়ান পদে ৭ বৎসরের চাকুরী। |
| ৭ | উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) | | পদোন্নতির মাধ্যমে, এবং<br><br>পদোন্নতিযোগ্য কর্মকর্তা না পাওয়া গেলে, প্রেষণে বদলীর মাধ্যমে। | সহকারী পরিচালক (প্রশাসন) বা হিসাবরক্ষণ কর্মকর্তা, বা প্রশাসনিক কর্মকর্তা পদে ৭ বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৮ | প্রোগ্রাম সমন্বয়কারী | | পদোন্নতির মাধ্যমে, এবং | পদোন্নতি: এনালিষ্ট পদে ৭ বৎসরের চাকুরী। |
| | | অনুর্ধ ৩৫ বৎসর। | পদোন্নতিযোগ্য কর্মকর্তা না পাওয়া গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগ: (ক) পরিসংখ্যান, গণিত, অর্থনীতি, কম্পিউটার বিজ্ঞান, সমাজ বিজ্ঞান, হিসাব বিজ্ঞান, ব্যবস্থা- পনা বা বিপণন বিষয়ে ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী, বা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী, অথবা এম, বি, এ ডিগ্রী, এবং<br><br>(খ) প্রোগ্রামিং ও কম্পিউটার প্রশিক্ষণসহ ৫ বৎসরের অভিজ্ঞতা। |
| ৯ | সহকারী পরিচালক (কারিগরী) | | (ক) এক-তৃতীয়াংশ পদোন্নতির মাধ্যমে এবং | পদোন্নতি: সিনিয়র টেকনিশিয়ান বা ড্রাফটসম্যান (ডিপ্লোমা) পদে ১০ বৎসরের চাকুরী। |
| | | অনুর্ধ ৩০ বৎসর। | (খ) দুই-তৃতীয়াংশ সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগ: প্রকৌশল, বন, কৃষি, মৎস্য, বা নগর ও গ্রামীণ পরিকল্পনা বিষয়ে স্নাতক ডিগ্রী,<br><br>অথবা<br><br>সমুদ্রবিজ্ঞান, রসায়ন, মেরিন বা মাইক্রো বায়োলজি, প্রাণ রসায়ন, উদ্ভিদ বিদ্যা, মৃত্তিকা বিজ্ঞান, পদার্থ বিদ্যা, প্রাণি বিদ্যা, ফলিত |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | রসায়ন, পরিবেশ ব্যবস্থাপনা, পরিবেশ রসায়ন, ভূগোল, বা ভূতত্ত্ববিদ্যা বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১০ | সহকারী পরিচালক (প্রচার) | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | গণসংযোগ, আন্তর্জাতিক সম্পর্ক, সাংবাদিকতা, বাংলা বা ইংরেজী বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১১ | সহকারী পরিচালক (প্রশাসন/ প্রশাসনিক কর্মকর্তা) | ঐ | (ক) এক-তৃতীয়াংশ পদোন্নতির মাধ্যমে এবং | পদোন্নতি: স্টেনোগ্রাফার, বা পি, এ পদে ১০ বৎসরের চাকুরী, বা উচ্চমান সহকারী পদে ১০ বৎসরের চাকুরী। |
| | | | (খ) দুই-তৃতীয়াংশ সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগ: প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১২ | সিনিয়র কেমিষ্ট | অনূর্ধ ৩০ বৎসর | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে, এবং | পদোন্নতি: জুনিয়র কেমিষ্ট বা এসিসটেন্ট বায়োকেমিষ্ট পদে ৫ বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগ: রসায়ন, ফলিত রসায়ন, পরিবেশ রসায়ন, বা প্রাণ রসায়ন বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৩ | রিসার্চ অফিসার | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ৩২ বৎসর।<br>ক্ষেত্রে ধরনবীন। | (ক) এক-তৃতীয়াংশ পদোন্নতির মাধ্যমে, এবং<br>(খ) দুই-তৃতীয়াংশ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতি: পরিদর্শক/ইনভেষ্টিগেটর পদে ৫ বৎসরের চাকুরী<br>সরাসরি নিয়োগ: পরিবেশ ব্যবস্থাপনা, পরিবেশ রসায়ন, অর্থনীতি, সমাজ বিজ্ঞান, পরিসংখ্যান, সমুদ্র বিজ্ঞান, রসায়ন, মেরিন বা মাইক্রো বায়োলজী, প্রাণ রসায়ন, উদ্ভিদ বিদ্যা, মৃত্তিকা বিজ্ঞান, পদার্থ বিদ্যা, ফলিত রসায়ন, ভূতত্ত্ব বিদ্যা, বা ভূগোল বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী<br>অথবা<br>প্রকৌশল, বন, কৃষি, মৎস্য, নগর ও গ্রামীণ পরিকল্পনা বিষয়ে স্নাতক ডিগ্রী। |
| ১৪ | এনালিষ্ট | ঐ | (ক) এক-তৃতীয়াংশ পদোন্নতির মাধ্যমে, এবং<br>(খ) দুই-তৃতীয়াংশ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতি: পরিদর্শক/ইনভেষ্টিগেটর পদে অন্যূন ৫ বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগ: পরিসংখ্যান, গণিত, কম্পিউটার বিজ্ঞান, ব্যবস্থাপনা, ব্যবসা প্রশাসন, বিপণন, সমাজ বিজ্ঞান, হিসাব বিজ্ঞান, কিংবা অর্থনীতিতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | হিসাব রক্ষণ কর্মকর্তা | অনুর্ধ ৩১ বৎসর ] | পদোন্নতির মাধ্যমে, এবং] | পদোন্নতি: হিসাব রক্ষক পদে ১০ বৎসরের চাকুরী |
| | | | পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগ: হিসাব বিজ্ঞান, ব্যবসা প্রশাসন, ফাইন্যান্স এ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১৬ | লাইব্রেরীয়ান | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | গ্রন্থাগার বিজ্ঞানে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১৭ | জুনিয়র কেমিষ্ট/এসিসটেন্ট বায়ো-কেমিষ্ট | ঐ | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে, এবং | পদোন্নতি: জুনিয়র টেকনিশিয়ান পদে ১২ বৎসরের অথবা ল্যাবরেটরী সহকারী পদে ১০ বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগ: রসায়ন বা প্রাণ রসায়ন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী, তবে পরিবেশ বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৮ | পরিদর্শক/ইনভেষ্টিগেটর | ঐ | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে এবং | পদোন্নতি: নমুনা সংগ্রহকারী পদে ১২ বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগ : বিজ্ঞানের যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী, তবে পরিবেশ বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৯ | সিনিয়র টেকনিশিয়ান (সিভিল/ কেমিক্যাল/ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল)। | অনূর্ধ ৩০ বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সিভিল, কেমিক্যাল, ইলেকট্রিক্যাল কিংবা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ২য় শ্রেণীর ডিপ্লোমা। |
| ২০ | ড্রাফটসম্যান (ডিপ্লোমা) | ঐ | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে এবং | পদোন্নতি: ড্রাফটসম্যান (নন-ডিপ্লোমা) পদে ৫ বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগ : সিভিল কিংবা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ২য় শ্রেণীর ডিপ্লোমা। |
| ২১ | প্রজেকশনিষ্ট-কাম-ক্যামেরাম্যান। | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা অথবা উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ৮ বৎসরের অভিজ্ঞতা। |
| ২২ | হিসাব রক্ষক | ঐ | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে, এবং | পদোন্নতি: ক্যাশিয়ার বা ষ্টোরকিপার পদে ৮ বৎসরের চাকুরী। |
| | | | (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগ: বাণিজ্য বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট কাজে দুই বৎসরের অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | ষ্টেনোগ্রাফার/পি, এ, | ঐ | The Stenographers and Stenotypists (Ministries/Divisions and Attached Department) Recruitment Rules, 1978-এর ষ্টেনোগ্রাফার সংক্রান্ত বিধান অনুযায়ী। | |
| ২৪ | উচ্চমান সহকারী | ঐ | (ক) ৬৬% পদোন্নতির মাধ্যমে, এবং<br>(খ) ৩৪% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতি: নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক পদে ৫ বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগ: স্নাতক ডিগ্রী বা সমমানের ডিগ্রী। |
| ২৫ | ড্রাফটসম্যান (নন-ডিপ্লোমা) | অনূর্ধ ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে। | ট্রেসার পদে ৩ বৎসরের চাকুরী। |
| ২৬ | ল্যাবরেটরী সহকারী | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় বা উহাদের সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ। |
| ২৭ | জুনিয়র টেকনিশিয়ান/নমুনা সংগ্রহকারী। | ঐ | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে এবং<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতি: ল্যাবরেটরী এটেনডেন্ট পদে ৫ বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগ: বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ। |
| ২৮ | ট্রেসার | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | আর্কিটেকচারাল বা টেকনিক্যাল ড্রইংয়ে সার্টিফিকেটধারী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৯ | লাইব্রেরী সহকারী | অনুর্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় বা সমমানের পরীক্ষায় পাসসহ গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেটধারী। |
| ৩০ | ডাটা এন্ট্রি অপারেটর | ঐ | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | |
| ৩১ | ক্যাশিয়ার | ঐ | (ক) এক-তৃতীয়াংশ পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না থাকলে এই কোটা সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণ করা হইবে;<br>(খ) দুই-তৃতীয়াংশ সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতি: ক্যাশ সরকার পদে ৫ বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগ: বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাস; তবে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি অগ্রাধিকার পাইবেন। |
| ৩২ | ষ্টোর কিপার | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (বাণিজ্য) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৩ | নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক | ঐ | এই পদের নিয়োগ সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক এতদুদ্দেশ্যে জারীকৃত নিয়োগবিধি অনুসারে হইবে। | |
| ৩৪ | গাড়ী চালক | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাসসহ হালকা ও ভারী মোটরযান চালানোর বৈধ লাইসেন্স। |
| ৩৫ | ক্যাশ সরকার | ঐ | ঐ | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৬ | ল্যাবরেটরী এটেনডেন্ট | ঐ | (ক) ৪০% পদোন্নতির মাধ্যমে, এবং<br>(খ) ৬০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতি: এল, এল, এস, এস, পদে ৩ বৎসরের চাকুরী।<br>সরাসরি নিয়োগ: বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৭ | এম, এল, এস, এস, | ঐ | এই পদের নিয়োগ সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক এতদুদ্দেশ্যে জারীকৃত নিয়োগবিধি অনুসারে হইবে। | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল্লাহ্ হারুন পাশা
সচিব।

মোঃ নিজামুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আবদুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।